# তা'মীরুল মিল্লাত কামিল মাদরাসা, ঢাকা

## অর্ধ-বার্ষিক অনলাইন পরীক্ষা-২০২০

## শ্রেণি ঃ ষষ্ঠ শ্রেণি

## বিষয় ঃ আকাইদ ও ফিক্হ (বহুনির্বাচনী)

**সময় ঃ ৩০ মিনিট** **পূর্ণমান ঃ ৩০**

[বি. দ্রঃ সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণ সম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান সমান। প্রশ্নপত্রে কোনো দাগ দেয়া নিষিদ্ধ।]

১। ফেরেশতারা কিসের তৈরি?

ক. মাটির খ. নূরের গ. আগুনের ঘ. পানির

২। রিসালাত শব্দের অর্থ কী?

ক. পথ প্রদর্শন খ. পরিচালনা গ. সংবাদ ঘ. নির্দেশ

৩। আল্লাহ তায়ালা পৃথিবীতে কয়জন রাসূল প্রেরণ করেছেন?

ক. ৩১২ খ. ৩১৩ গ. ৩১৪ ঘ. ৩১৫

৪। সকল জীবের জীবিকা বণ্টন করেন কোন ফেরেশতা?

ক. জিবরাঈল (আ.) খ. মিকাঈল (আ.)

গ. ইসরাফিল (আ.) ঘ. আজরাঈল (আ.)

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও।

নাহিদ একজন স্কুলের ছাত্র। তার বিশ্বাস অবশ্যই ফেরেশতারা হলো পুরুষ সম্প্রদায়।

৫। নাহিদের মতানুযায়ী বিশ্বাস করলে কী হবে?

ক. কাফির খ. ফাসিক গ. মুনাফিক ঘ. মুশরিক

৬। এমতাবস্থায় নাহিদের করণীয় হচ্ছে-

i. তওবা করে ঈমান আনয়ন করা
ii. ফেরেশতা সম্পর্কে ভালোভাবে জানা
iii. উক্ত বিশ্বাসে অটল থাকা।
নিচের কোনটি সঠিক

ক. i খ. ii গ. i ও ii ঘ. ii, iii

৭। রাসূল (সা.) এর নাম শুনলে দরূদ পড়ার বিধান কী?

ক. ফরয খ. ওয়াজিব গ. সুন্নাত ঘ. মুস্তাহাব

৮। রাসূল (সা.) এর সুন্নতের অনুসরণ করতে হবে-

i. দেশ পরিচালনার ক্ষেত্রেii. শিক্ষা ও সংস্কৃতিতে
iii. জীবনের সকল ক্ষেত্রে
নিচের কোনটি সঠিক

ক. i খ. iii গ. i ও iii ঘ. ii ও iii

৯। আল্লাহ তা'আলাকে এক বলে স্বীকার করার নাম কী?

ক. ইমান খ. ইহসান গ. ইসলাম ঘ. তাওহীদ

১০। মুফাসসাল শব্দের অর্থ কী?

ক. সংক্ষিপ্ত খ. বিস্তারিত গ. মৌলিক ঘ. সামগ্রিক

১১। ঝুটা বা উচ্ছিষ্টের হুকুম কত প্রকার?

ক. ৪ খ. ৫ গ. ৬ ঘ. ৭

১২। বিড়ালের ঝুটার হুকুম কী?

ক. হালাল খ. হারাম গ. মাকরুহ ঘ. মুবাহ

১৩। পবিত্রতা অর্জনের দিক থেকে পানি কত প্রকার?

ক. দুই খ. তিন গ. চার ঘ. পাঁচ

১৪। যমযমের পানি পান করতে হয়-

i. দাঁড়িয়ে ii. বসে iii. কেবলামুখী হয়ে
নিচের কোনটি সঠিক

ক. i খ. ii ও iii গ. iii ঘ. i ও iii

১৫। কিয়ামতের দিন কার ঘাড় সবচেয়ে উঁচু হবে?

ক. ইমাম খ. মুয়াজ্জিন গ. মুফতি ঘ. মুহাদ্দিস

১৬। عماد الدين বা দীনের খুঁটি কোনটি?

ক. সালাত খ. সাওম গ. যাকাতঘ. হজ্জ

১৭। সালাতে নিয়ত করা কী?

ক. ফরজ খ. ওয়াজিব গ. সুন্নত ঘ. মুস্তাহাব

১৮। সালাত ফরজ হওয়ার শর্ত কয়টি?

ক. ৩টি খ. ৪টি গ. ৫টি ঘ. ৬টি

১৯। তাহিয়্যাতুল মসজিদ সালাত কয় রাকাত পড়তে হয়?

ক. ২ খ. ৩ গ. ৪ ঘ. ৫

নিচের উদ্দীপকটি পড় এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:

মিনহাজ পাঁচ ওয়াক্ত নামাজে শুধু ফরজ রাকাতসমূহ আদায় করে। অতিরিক্ত সালাত আদায় করে না।

২০। মিনহাজ শরীয়তের কোন বিধান লঙ্ঘন করেছে?

ক. ফরজ খ. ওয়াজিব গ. সুন্নত ঘ. মুস্তাহাব

২১। মিনহাজের করণীয় হচ্ছে-

i. রাসূল (সা.)-এর অনুসরণ করা ii. সুন্নত সালাত সমূহ আদায় করা
iii. এভাবেই সালাত চালিয়ে যাওয়া
নিচের কোনটি সঠিক

ক. i খ. ii গ. i ও ii ঘ. ii ও iii

২২। ওযুর ফরজ কয়টি?

ক. তিন খ. চার গ. পাঁচ ঘ. ছয়

২৩। পবিত্র ও উঁচু জায়গায় বসে ওযু করার হুকুম কী?

ক. ফরজ খ. ওয়াজিব গ. সুন্নাত ঘ. মুস্তাহাব

২৪। পবিত্রতা কিসের অঙ্গ?

ক. ঈমান খ. ইসলাম গ. ইহসান ঘ. ইবাদাত

২৫। তাহারাত অর্জনের পদ্ধতি কয়টি?

ক. ২ খ. ৩ গ. ৪ ঘ. ৫

২৬। اَلْكِبْر শব্দের অর্থ কী?

ক. অহংকার খ. অপকার গ. কৃপণতা ঘ. হিংসা

২৭। মুসলমানকে গালি দেয়া কী?

ক. ফাসেকি খ. নেফাকি গ. কুফরি ঘ. বেদয়াতি

২৮। মুসাফাহা শব্দের অর্থ কী?

ক. হস্তচুম্বন খ. পদচুম্বন গ. করমর্দন ঘ. কোলাকুলি

২৯। أخلاق শব্দের مفرد কী?

ক. خلق খ. خلاق গ. خليقة ঘ. خلقة

৩০। أخلاق শব্দের অর্থ কী?

ক. চরিত্র খ. বিজ্ঞান গ. শান্তি ঘ. প্রগতি

# তা'মীরুল মিল্লাত কামিল মাদরাসা, ঢাকা

## অর্ধ-বার্ষিক অনলাইন পরীক্ষা-২০২০

**শ্রেণি ঃ ষষ্ঠ শ্রেণি**

**বিষয় ঃ আকাইদ ও ফিক্হ (সৃজনশীল)**

**সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান ঃ ৭০**

**[ডান পার্শ্বের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও]**

**(ক) আকাইদ অংশ ঃ মান - ২০**

**যে কোন ২টি প্রশ্নের উত্তর দাও:**

১। আযাদ ও আরিফ দুই বন্ধু একদা ফেরেশতা সম্পর্কে আলাপ আলোচনা করে। এক পর্যায়ে আযাদ আরিফকে প্রশ্ন করে, ফেরেশতারা কী আহার করে? জবাবে আরিফ বলল, তাদের আহারের প্রয়োজন হয় না। অত:পর আযাদ আবার প্রশ্ন করে, তাদের আকৃতি কেমন?

ক. ملائكة এর বচন নির্ণয় কর। ১
খ. ملائكة বলতে কী বুঝ? ২
গ. আযাদের দ্বিতীয় প্রশ্নের জবাব কী হবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. আরিফের উত্তরটি পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন কর। ৪

২। কাউসার সিলেটে হযরত শাহ জালাল (রহ.) এর কবর যেয়ারত করতে গিয়ে দেখে মাহের কবরে সেজদা করছে। সে তাকে বারণ করলে মাহের বলল, মাযারে কিছু চাইতে হলে সেজদা করতে হয়। কাউসার তাকে বলল, এটা বড় ধরনের অন্যায়। কারণ কবর যেয়ারত করা যায় কিন্তু সেজদা করা যায় না।

ক. সেজদা অর্থ কী? ১
খ. ইমানে মুজমাল বলতে কী বুঝ? ২
গ. মাহেরের কাজটি কেমন হচ্ছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. কাউসারের বক্তব্যটি পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন কর। ৪

৩। হামিদ ও কাইয়ুম মাদ্‌রাসায় পড়ালেখা করে। হামিদ সব সময় সুন্নতি পোশাক পরে চলাফেরা করে। কিন্তু কাইয়ুম তথাকথিত আধুনিক পোশাক পরে চলাফেরা করে। হামিদ কাইয়ুমকে সুন্নতি পোশাক পরতে বললে উল্টো সে তাকে বিদ্রূপ করে।

ক. উম্মতের জন্য উত্তম আদর্শ কে ? ১
খ. الصراط المستقيم বলতে কী বুঝায় ? ২
গ. হামিদের কাজটি ইসলামের দৃষ্টিতে ব্যাখ্যা কর। ৩
ঘ. কাইয়ুমের চলাফেরার বিষয়টি কুরআন সুন্নাহর আলোকে বিশ্লেষণ কর। ৪

**(খ) ফিকহ অংশ ঃ মান - ৪০**

**যে কোন ৪টি প্রশ্নের উত্তর দাও:**

৪। আব্দুর রহমান হজ্জ থেকে এসে তার বোন রহিমাকে যমযমের পানি পান করতে দেয়। সে ঐ পানি বসে পান করে। আব্দুর রহমান সাহেব তাকে বললেন, যমযমের পানি দাঁড়িয়ে পান করতে হয় এবং এই পানির সাথে হযরত ইসমাঈল (আ.) এর স্মৃতি বিজড়িত।

ক. পানির অপর নাম কী? ১
খ. পানির অপচয় করা বলতে কী বুঝ? ২
গ. রহিমার কাজটি কেমন হয়েছে? কুরআন সুন্নাহর আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. আব্দুর রহমানের দ্বিতীয় বক্তব্যটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৫। আব্দুর রহীম একজন মুয়াজজিন। একদা তিনি মসজিদে আসরের আযান দেন। আযানে الله أكبر শুধু মাত্র দুই বার উচ্চারণ করেন। আযান শেষে আযাদ সাহেব তাকে বললেন আপনার আযানে ভুল হয়েছে। জবাবে আব্দুর রহীম বলল, এতে অসুবিধা নাই। আযান দেয়ার উদ্দেশ্য হলো- সালাতের জন্য আহ্বান করা।

ক. আযানের মধ্যে কয়টি বাক্য উচ্চারণ করতে হয়? ১
খ. আযানের জবাব দেয়ার গুরুত্ব কী? ২
গ. আব্দুর রহীমের আযান কি হয়েছে? পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. আব্দুর রহীমের উক্তিটি পাঠ্য বইয়ের আলোকে মূল্যায়ন কর। ৪

৬। মাওলানা আব্দুল হালিম একজন প্রখ্যাত আলেম। একদা তিনি আরমান নামক এক যুবককে সালাতে তাড়াহুড়া করে রুকু-সেজদা করে সংক্ষিপ্তভাবে সালাত আদায় করতে দেখলেন। সালাত শেষে তিনি আরমানকে বললেন, সঠিক ও সুন্দরভাবে সালাত আদায় করা মুমিনের কাজ।

ক. সালাত ইসলামের কততম স্তম্ভ ? ১
খ. সালাতের পরিচয় দাও। ২
গ. আব্দুল হালিমের বক্তব্যটি ইলমে ফিকহের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. আরমানের সালাত আদায়ের ধরন কি সঠিক? কুরআন-সুন্নাহর আলোকে তোমার মতামত দাও। ৪

৭। ওসমান যোহরের সালাত আদায়ের জন্য মসজিদে প্রবেশ করে। অতঃপর জামাল ওসমানকে দেখে তার সাথে আলোচনা শুরু করে দেয়। ওসমান কথা না বলে তাহিয়্যাতুল মাসজিদ সালাত আদায়ের উপদেশ দেয়।

ক. পাঁচ ওয়াক্ত সালাতে সর্বমোট কয় রাকাত সুন্নাত সালাত আদায় করতে হয়? ১

খ. নফল সালাত আদায়ের গুরুত্ব লিখ। ২

গ. জামালের কাজটি ইসলামি শরীয়তের দৃষ্টিতে ব্যাখ্যা কর। ৩

ঘ. ওসমানের উপদেশ পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন কর। ৪

৮। সাইফুল ওযুর জন্য এক জগ পানি রেখেছে। কিন্তু তাতে কুকুর এসে মুখ দেয়। সে এ পানি দিয়ে ওজু করে। অতঃপর তার বন্ধু নাজমুল তাকে বলে, এবার তুমি তায়াম্মুম কর। তাইলেই সালাত আদায় করতে পারবে।

ক. মানুষের ঝুটা পানির হুকুম কী? ১

খ. মাকরূহ পানি বলতে কী বুঝ? ২

গ. সাইফুলের ওজু কেমন হয়েছে? ইসলামী শরীয়তের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. নাজমুলের বক্তব্য সঠিক কিনা? ইলমে ফিকহের দৃষ্টিতে মূল্যায়ন কর। ৪

**আখলাক অংশ ঃ মান-১০**

**(যে কোন একটি প্রশ্নের উত্তর দাও)**

৯। ফাহিম একজন ধনাঢ্য ব্যক্তি। একদিকে তার আছে কোটি কোটি টাকা। অন্যদিকে আছে এলাকায় যথেষ্ট যশ-খ্যাতি। তার ছেলে সাকিব মাদ্রাসা পড়ুয়া হলেও বংশ মর্যাদার অহংকারে তার পা যেন মাটিতে পড়ে না। এ অবস্থা দেখে একদিন মাদ্রাসার অধ্যক্ষ সাহেব তাকে বললেন, একজন আদর্শ মানুষ হিসেবে তোমাকে গড়ে তোলার জন্য তোমার এ আচরণ পরিহার করা উচিত।

ক. অহংকারের কয়টি পর্যায় বা স্তর রয়েছে? ১

খ. মানুষ কীভাবে অহংকার প্রকাশ করে? ২

গ. সাকিবের কাজটি ইসলামের দৃষ্টিতে ব্যাখ্যা কর। ৩

ঘ. ছাত্রের প্রতি অধ্যক্ষ সাহেবের নসিহতের যথার্থতা মূল্যায়ন কর। ৪

১০। মফিজ মিয়া শহরে ব্যবসা করে। অনেক টাকার মালিক সে। তার অসহায় এক দরিদ্র ভাই খুব কষ্ট করে গ্রামে দিনাতিপাত করে। কিন্তু সে তার খোঁজখবর নেয় না। একদা তার বন্ধু আকরাম তাকে বললেন, তোমার ভাই এতকষ্ট করে দিনাতিপাত করে আর তোমার এত টাকা! তোমার ভাইকে তোমার সাহায্য করা উচিত।

ক. কয়টি অভ্যাস মানুষকে ধ্বংস করে? ১

খ. পিতা-মাতার অবাধ্য হওয়া বলতে কী বুঝ? ২

গ. মফিজ মিয়ার কাজটি ইসলামের দৃষ্টিতে ব্যাখ্যা কর। ৩

ঘ. আকরামের পরামর্শটি মূল্যায়ন কর। ৪